

ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

# আনন্দবাজার পত্রিকা

## বঙ্গের শিল্পকে জম্মু-কাশ্মীরে লগ্নির ডাক

নিজস্ব সংবাদদাতা

জম্মু ও কাশ্মীর এখন ভয় এবং দুর্নীতিমুক্ত শান্তি, বিকাশ ও উন্নতির রাস্তায় এগোচ্ছে। শিল্প সহায়ক নীতিও নিচ্ছে প্রশাসন। শুক্রবার কলকাতায় দাঁড়িয়ে এই দাবি করে পশ্চিমবঙ্গের বণিকমহলকে সেখানে লগ্নির ডাক দিলেন জম্মু-কাশ্মীরের রাজ্যপাল মনোজ সিংহ। তবে একই সঙ্গে রাজ্যের সঙ্গে তুলনা টেনে এ দিন কিছুটা বিতর্কও উকে দিয়েছেন এই

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী। সভায় দাঁড়িয়ে বলেছেন, পশ্চিমবঙ্গের থেকেও সেখানকার 'বাতাবরণ' ভাল। তবে এ নিয়ে রাজনৈতিক বিতর্কে জড়াতে চান না তিনি।

জম্মু ও কাশ্মীরে বিনিয়োগের সুযোগ নিয়ে বণিকসভা ক্যালকাটা চেম্বারের আলোচনা সভায় এ দিন সেখানকার রাজ্যপালের পাশাপাশি যোগ দেন শিল্পসচিব তথা কমিশনার বিক্রমজিৎ সিংহও। তাঁদের বিভিন্ন পরিকল্পনা, শিল্প নীতি ইত্যাদি তুলে

ধরে তাঁর দাবি, ২০১৯ সালের পরে (যখন থেকে সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ বাতিল করা হয়) লগ্নি অনেক বেড়েছে। উন্নত হয়েছে পরিকাঠামো। নিরাপত্তার প্রেক্ষিতে মনোজের আশ্বাস, "ভরসা দিচ্ছি, ২০১৯-এর পর থেকে এই অঞ্চল সম্পূর্ণ ভয় এবং দুর্নীতিমুক্ত। বিপুল সংখ্যক পর্যটক আসছেন। আশা করছি, এ বছর তা সওয়া দু'কোটি হবে।"

বিক্রমজিৎ-ও দাবি করেছেন, শিল্প সহায়ক হয়েছে জম্মু-কাশ্মীর। সব

থেকে কম অপরাধপ্রবণ অঞ্চলগুলির মধ্যে একটি। এখানে এখন বন্ধের ঘটনা ঘটে না। ব্যবসা করার পক্ষে নিরাপদ। দু'জনেরই বক্তব্য, বিপুল লগ্নি আসছে জম্মু-কাশ্মীরে।

তবে সাম্প্রতিক সন্ত্রাসবাদের ঘটনা প্রেক্ষিতে মনোজ বলেন, "এটা দুর্ভাগ্যজনক। এই সব কিছু করে পড়শি দেশ। সেখানে (কাশ্মীরে) সন্ত্রাসবাদ এখন অস্তিম খাস নিচ্ছে। তা-ও পুরোপুরি বন্ধ হবে। এ জন্য পদক্ষেপ করা হচ্ছে।"

:: ::